Khatra Women Police Station Bankura

W.B.P. FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

00448

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C.,at P.S.

1. Dist. Bankura Sub-Divn. Khatra P.S. Khatra Women Year 2022 FIR No. 20/22 Date 14.10.22
2. (i) Act IPC Sections 498A/324/342/ (ii) Act ........ Sections ........
   (iii) Act ........ Sections 328/307/34 Other Acts & Sections ........
3. (a) General Diary Reference : Entry No. 72 Time 12.15 hrs.
   (b) Occurrence of Offence: Day Since after her marriage at about Date 23.09.22 Time Morning 10.00 hrs.
   (c) Information Received Date 14.10.22 Time 12.15 hrs.
   G.D. No. 72 At the Police Station:
4. Type of information : Written / Oral Type Written
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. Approx 6 K.M South
   (a) Address Vill - Bantilla, P.S - Khatra, Dist - Bankura.
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint/Informant :
   (a) Name Rekha Karmakar.
   (b) Father's / Husband's Name Lalmohan Karmakar
   (c) Date / Year of Birth 30 years
   (d) Nationality Indian
   (e) Address Vill - Bantilla, P.S - Khatra, Dist - Bankura
7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars.
   (Attach separate sheet, if necessary)
   (I) Lalmohan Karmakar S/o - Jadu Karmakar
   (II) Jadu Karmakar S/o - Lt Balai Karmakar
   (III) Rai Karmakar W/o - Jadu Karmakar
   all of Vill - Bantilla P.S - Khatra, Dist - Bankura
   (IV) Dipali Karmakar W/o - Tapan Karmakar Vill - Jadurdihi, P.S - Barabazar, Dist - Purulia
   (V) Ram Karmakar S/o - Dasharath Karmakar Vill - Kakrijharna, P.S - Ranikul, Dist - Bankura
8. Reasons for delay in reporting by complaint / informant ........
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required): ........
10. Total value of Properties stolen / Involved : ........
11. Inquest report / U.D. : Case No., If any : ........
12. FIR Contents : (Attach separate sheet, if required) The original Type written complaint which treated as FIR is attached here with
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/324/342/328/307/34 IPC.
   I SI Saswati Maity o/c Women P.S Khatra
   registered the case and took up the investigation / directed L.ASI Rajasree Dey
   transferred to P.S. ........ to take up the investigation
   On point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

রেখা কর্মকার

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

Saswati Maity
LSI as o/c
27-14.10.22

Signature of the officer-incharge, Police Station with
Name : Saswati Maity
Rank : S.I. of Police
Number if any : O/C Women P.S Khatra

Officer-in-Charge
Khatra Women P.S.
Khatra Sub-Division

Khatra Women Police Station :: Bankura ::

To,
The O.C Khatra Women P.S
Khatra, Bankura

মহাশয়,

আমার বিনীত নিবেদন এই যে, শ্রীমতি রেখা কর্মকার, স্বামী- লালমোহন কর্মকার, গ্রাম- বনতিল্লা, পোঃ + থানা- খাতড়া, জেলা- বাঁকুড়া এর স্থায়ী বাসিন্দা হইতেছি। আপনার অবগতীর সহীত জানাই যে, বনতিল্লা গ্রাম নিবাসী শ্রী লালমোহন কর্মকার, পিতা- যদু কর্মকার এর সহিত দেখাশুনা করিয়া হিন্দু শাস্ত্রমতে সামাজিক প্রথা মেনে আনুমানিক ইং- ২০০৭ সাল বাংলা- ১৪১৪ সনের বৈশাখ মাসের ২০ তারিখ বিবাহ সম্পন্ন হয়। বিবাহের পর আমি আমার স্বামীর সাথে শ্বশুর বাড়িতে যাই ও শ্বশুর শ্বাশুড়ী সহ স্বামীর সাথে ২ (দুই) মাস ভালো ভাবে বসবাস করেছিলাম। এমত অবস্থায় থাকা কালিন নানা কারনে অকারনে যখন তখন (১) শ্রী লালমোহন কর্মকার, পিতা- যদু কর্মকার (স্বামী), (২) যদু কর্মকার পিতা- ˘বলাই কর্মকার (শ্বশুর), (৩) রাই কর্মকার স্বামী- যদু কর্মকার (শ্বাশুড়ী) এরা আমাকে শারিরীক ও মানসিক ভাবে অত্যাচার সহ মারধর করত। আমি আমার স্বামীকে এই সব জানাতে গেলে সে আমাকে মারধর সহ গলা টিপে মেরে ফেলার চেষ্টা করত। তবুও অত্যাচার সহ্য করেও আমি স্বামীর ঘর করছিলাম। এরপর আমার স্বামীর ঔরসে আমার প্রথম কন্যা সন্তান এর জন্ম গ্রহন হয় যাহার নাম সোমা কর্মকার (মানসিক প্রতিবন্ধী নাবালিকা)। উক্ত কন্যা সন্তান হওয়ার পর আমার উপর শ্বশুর বাড়ির অত্যাচারের মাত্রা আরো বেড়ে যায়, যেমন- (খেতে না দেওয়া, স্নান করতে গেলে তেল সাবান না দেওয়া, এক কাপড়ে রেখে দেওয়া)। তারপর আমার আরো একটি কন্যা সন্তানের জন্ম হয় যাহার নাম লক্ষী কর্মকার (নাবালিকা) এবং এই কন্যা সন্তান জন্মের পর আমার উপর অত্যাচারের মাত্রা আরো কঠোর থেকে কোঠোরতর হতে থাকে। উক্ত অত্যাচারের মাত্রা বাড়াতে সাহায্য করে আমার ননদ দিপালী কর্মকার স্বামী- তপন কর্মকার, গ্রাম- যাদুরডিহি, থানা- বরাবাজার, জেলা- পুরুলিয়া। উক্ত ঘটনার কথা আমার বাবা মা ও প্রতিবেশীদেরকে জানালে ওরা বলতে থাকে কষ্ট করে স্বামীর ঘর করতে হয়। সংসার করতে থাক সব ঠিক হয়ে যাবে। এরপর আমার একটি পুত্র সন্তানের জন্ম হয় যাহার নাম স্বপন কর্মকার (নাবালক)। এই পুত্র সন্তান জন্মের পর কিছুদিন ভালো ছিলাম এরপর আবার আমার উপর ধীরে ধীরে অত্যাচার শুরু হয়ে যায়।

আমার স্বামী-শ্বশুর-শ্বাশুড়ী এক যোগে মিলিত হয়ে আমাকে কিল-চড়-ঘুষি

Received on 14.10.22 at - 12.15 hrs. has been started Khatra Women PS case no- 20/22 dt- 14.10.22 u/s- 498A/324/342/328/307/34 IPC.

Sagrodti Maity
LSI ag O/C
dt- 14.10.22
Officer-in-Charge
Khatra Women P.S.
Khatra Sub-Division

এছাড়াও আমার স্বামী ব্লেডে করে আমার হাত ও পিঠে চিরে দিত, এছাড়াও আমার ননদ যখন আমার শ্বশুর বাড়িতে আসত তখন সেও আমার উপর নানান ভাবে অত্যাচার করত। তবুও কষ্ট করে স্বামী ঘর করছিলাম।

এক্ষনে উক্ত ঘটনা গুলির কথা গ্রাম্য মহিলা সমিতিকে বলা হলে তারা বিভিন্ন মিমাংসা চেষ্টা করে কিন্তু তাদের সকল চেষ্টা ব্যর্থ হয়। গত ইং- ২৩/০৯/২২ তারিখ আনুমানিক সকাল ১০টা নাগাদ উপরোক্ত (১) শ্রী লালমোহন কর্মকার, পিতা- যদু কর্মকার (স্বামী), (২) যদু কর্মকার পিতা- বলাই কর্মকার (শ্বশুর), (৩) রাই কর্মকার স্বামী- যদু কর্মকার (শ্বাশুড়ী) (৪) দিপালী কর্মকার স্বামী- তপন কর্মকার, গ্রাম- যাদুরডিহি, থানা- বরাবাজার, জেলা- পুরুলিয়া ও আমার মামা শ্বশুর (৫) শ্রী রাম কর্মকার পিতা- দশরথ কর্মকার গ্রাম- কাঁকড়ি ঝরনা, থানা- বারিকুল, জেলা- বাঁকুড়া এক যোগে মিলিত হয়ে পূর্ব পরিকল্পনা পূর্বক ষড়যন্ত্র করে আমাকে প্রানে মেরে ফেলার উদ্দেশ্যে জোর করে ঘরের মধ্যে আটক করে ধরে তরমুজ চাষের দেওয়া তরল বিষ খাইয়ে দেয়। তারপর আমি চিৎকার করলে আমার মেজ মেয়ে লক্ষী কর্মকার এসে সব দেখে তারপর ভয়ে ভীত হয়ে পাড়া প্রতিবেশীদের ডেকে আনে। খাতড়া হাসপাতালে ঐ দিন আমাকে বাপের বাড়ির লোকজন ও পাড়া প্রতিবেশীরা ভর্ত্তি করে। আমার অবস্থার পরিনতি দেখে আমাকে খাতড়া হাসপাতাল হইতে বাঁকুড়া হাসপাতালে স্থানান্তরিত করে এবং সেখানে বেশ কিছুদিন ভর্ত্তি থেকে চিকিৎসা হয়। বর্তমানে আমি আমার নাবালক পুত্র ও নাবালিকা কন্যাদের নিয়ে বাপের বাড়িতে আছি।

প্রকাশ থাকে যে শারিরীক ও মানসিক ভাবে বিপর্যস্থ থাকার কারনে এই অভিযোগ দিতে দেরি হল।

অতএব মহাশয়ের নিকট আমার প্রার্থনা উক্ত ঘটনার সঠিক তদন্ত করিয়া উক্ত ব্যাক্তিগনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করিবেন।

তাং- 14.10.22

ইতি,
বিনীতা

রেখা কর্মকার
বয়স - ৩০
9647530983